চবিতে শিক্ষামন্ত্রী

# প্রশ্ন ফাঁসের জন্য কিছু শিক্ষক দায়ী

■ চবি প্রতিনিধি

পরীক্ষার আগে প্রশ্নপত্র ফাঁসের জন্য কিছু শিক্ষককে দায়ী করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন 'নতুন প্রজন্মকে গড়ে তোলার মূল দায়িত্ব শিক্ষকদের। কিন্তু কিছু নৈতিক মূল্যবোধহীন শিক্ষক এ মহান পেশায় কালিমা লেপন করছেন। সামান্য টাকার বিনিময়ে কিছু শিক্ষক প্রশ্ন ফাঁস করে দেন।' গতকাল রোববার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) চ্যান্সেলর স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

চবি উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দীন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন। এ সময় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. শিরীন আখতার, চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মিহির কুমার রায়, কলা ও মানববিদ্যা অনুষদের ডিন প্রফেসর ড. সেকান্দর চৌধুরী, চবি অফিসার সমিতির সভাপতি এ কে এম মাহফুজুল হক, স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থী রিজাওয়ানা ইসলাম প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন চবি ডেপুটি রেজিষ্ট্রার (তথ্য) মো. ফরহাদ হোসেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'আমরা তিন বছর শিক্ষকদের প্রশ্ন ফাঁসের এ অনৈতিক কাজ গোপন রেখেছি। তবে বাধ্য হয়ে এবার তা প্রকাশ করছি। অনুষ্ঠান শেষে শিক্ষামন্ত্রী ২০০৯ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত বাংলা ও ইংরেজি মাধ্যমে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে প্রথম ও দ্বিতীয় স্থান অর্জন করা মোট ৩৩ জন বর্তমান ও সাবেক শিক্ষার্থীর হাতে চ্যান্সেলর স্বর্ণপদক তুলে দেন।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................................
তারিখ................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর